



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা আইসিটি কার্যালয়
ডিমলা, নীলফামারী

<http://doict.dimla.nilphamari.gov.bd/>

স্মারক নং: ৫৬.০৪.৭৩১২.০০০.১৬.০০১.২৫-৩৪

তারিখ: ০৭ পৌষ, ১৪৩২ বঙ্গাব্দ
২২ ডিসেম্বর, ২০২৫ খ্রি.

বিষয়ঃ বিনামূল্যে ই-কমার্স ওয়েবসাইটের সফটওয়্যার প্রদান প্রসঙ্গে।

অধিক কর্মসংস্থান ও ব্যবসা-বাণিজ্য প্রসারের জন্য বর্তমান যুগে ই-কমার্স ওয়েবসাইটের বিকল্প নেই। কিন্তু, বর্তমানে বিভিন্ন সফটওয়্যার কোম্পানির নিকটে একটি ই-কমার্স ওয়েবসাইট ডেভেলপ করে নিতে কমপক্ষে বিশ হাজার টাকার মতো খরচ হয়। তাই জনস্বার্থে উপজেলা আইসিটি অফিস, ডিমলা, নীলফামারী একান্ত স্ব-উদ্যোগে সম্পূর্ণ বিনামূল্যে আপনার স্বপ্নের ব্যবসা-প্রতিষ্ঠানের জন্য ই-কমার্স ওয়েবসাইটের সফটওয়্যার সেটআপ করে দিতে আগ্রহী।

উক্ত ই-কমার্স সফটওয়্যারের সম্পূর্ণ সোর্সকোড সহকারী প্রোগ্রামার (আইসিটি), ডিমলা, নীলফামারী এর নিজ পরিশ্রম ও মেধা-মননে লিখিত এবং তাঁর মাধ্যমেই সম্পূর্ণ সোর্সকোড মেইনটেইন করা হয়। বিনামূল্যের এই সফটওয়্যার গ্রহণে ইচ্ছুক হলে নিম্নোক্ত লিংকে তথ্যাবলী পূরণ করে আবেদন করার জন্য অনুরোধ করা হল। আপনার সাথে শীঘ্রই ইমেইলে এবং ফোনে যোগাযোগ করা হবে।

আবেদনের গুগল ফর্ম লিংকঃ <https://forms.gle/NWH6ByBckayPvqb57> (নিম্নের কিউআর কোড স্ক্যানের মাধ্যমেও লিংকে এক্সেস করা যাবে)

বিঃ দ্রঃ দেশের যেকোনো জেলা, উপজেলা থেকে এবং যেকোনো সময় আবেদন করা যাবে। এ সংক্রান্ত আপনার যেকোনো প্রশ্নের থাকলে সহকারী প্রোগ্রামার (আইসিটি), ডিমলা, নীলফামারী এর ০১৭২৪-৩৯৩৫৩৪ নম্বরে সরাসরি যোগাযোগ করার অনুরোধ করা হল।



স্বাক্ষরিত/-

(মোঃ আব্দুল্লাহ আল মামুন)

সহকারী প্রোগ্রামার, DoICT

উপজেলা আইসিটি কার্যালয়

ডিমলা, নীলফামারী

মোবাঃ ০১৭২৪-৩৯৩৫৩৪

ইমেইলঃ mamuns.address@gmail.com

স্বত্বাধিকারী / মালিক

বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠান

অনুলিপিঃ (সদয় অবগতির জন্য)

- ১। মহাপরিচালক, আইসিটি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, রংপুর।
- ৩। জেলা প্রশাসক, নীলফামারী।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, ডিমলা, নীলফামারী।
- ৫। প্রোগ্রামার (অ. দা.), নীলফামারী।
- ৬। অফিস কপি।